দৈনিক ইনকিলাব

তারিখ 23 NOV 1998
পৃঃ 12 কলাম 2

## মানিকগঞ্জে প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস

**মানিকগঞ্জ থেকে জেলা সংবাদদাতা ঃ** মানিকগঞ্জ শহরের একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নিজেই পরীক্ষার ১ দিন পূর্বে প্রশ্নপত্র ফাঁস করেছেন। ঐ প্রধান শিক্ষকের নাম শংকর কুমার চন্দ্র। ২১ নভেম্বর তার নিজের হাতের লেখা ৪র্থ শ্রেণীর গণিত, ৫ম শ্রেণীর ইংরেজী ও হিন্দু ধর্ম বিষয়ের প্রশ্নের কপি কতিপয় ছাত্রের হাতে পৌঁছে। পরের দিন ২২ নভেম্বর হাতের লেখা গণিত কপির সাথে ছাপানো কপির হুবহু মিল থাকায় বিষয়টি কর্তৃপক্ষের গোচরে দেয়া হয়। বিদ্যালয় পরিচালনা কমিটি ও প্রাথমিক শিক্ষা অফিসার (থানা) ঐ শিক্ষককে বিদ্যালয়টির পরীক্ষা সংক্রান্ত সকল বিষয় থেকে বিরত রেখেছেন। শংকর বাবু মানিকগঞ্জ শহরে অবস্থিত ৮৮ নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দীর্ঘদিন যাবত ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে কর্মরত রয়েছেন। তার বিরুদ্ধে দীর্ঘদিন যাবত নানা অনিয়মের অভিযোগ রয়েছে।